

116/Beng.(O)

UG/1st Sem/BNG-G-CC-T-1/23

২০২৩

বাংলা

(প্রোগ্রাম)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

কোর্স কোড : BNG-G-CC-T-1

বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)

ছন্দ, অলংকার ও বৈষ্ণব পদাবলী

(Old CBCS Syllabus)

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও:  $2 \times 10 = 20$

- ক) বৃন্দাবন দাস রচিত চৈতন্যজীবনী গ্রন্থটির নাম লেখো। এটি মোট কটি অধ্যায়ে বিভক্ত?
- খ) সাধক কবি কমলাকান্ত কী জাতীয় গান রচনা করে বিখ্যাত হয়ে আছেন? তাঁর পৈতৃক নিবাস কোথায়?
- গ) চৈতন্য পূর্ববর্তী দু'জন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।
- ঘ) 'আদিত্যবার শ্রীপঞ্চমী পূর্ণ মাঘ মাস' — কোন্ কবির জন্ম সম্পর্কে কথাটি বলা হয়েছে? তাঁর কাব্যের নাম কী ছিল?
- ঙ) 'কি পেখলুঁ নটবর গৌরকিশোর' — 'পেখলুঁ' শব্দের অর্থ কী? পদকার কে?

[পরের পাতায়]

- চ) 'গুণরাজ খাঁ' কার উপাধি? তাঁর অনুদিত গ্রন্থের নাম কি?
- ছ) 'মনসামঙ্গল' কাব্যের আদি কবি কে? তাঁর রচিত কাব্যের নাম লেখো।
- জ) 'রাধার কি হৈল অন্তরে ব্যথা'— পদকার কে? কোন্ পর্যায়ের পদ?
- ঝ) মিশ্র-কলাবৃত্ত ছন্দ আর কী কী নামে পরিচিত?
- ঞ) স্বরবৃত্ত ছন্দের মূল পর্ব কয় মাত্রার হয়? এই ছন্দের অপর একটি নাম বলো।
- ট) 'শ্লেষ' অলঙ্কার কাকে বলে? 'শ্লেষ' অলঙ্কার কয় প্রকার ও কী কী?
- ঠ) অন্ত্যানুপ্রাস কাকে বলে?
- ড) "এ সখি হামারি দুখের নাহি ওর।  
এ ভরা বাদর মাহ ভাদর  
শূণ্য মন্দির মোর।"
- পদটি কোন্ পর্যায়ের পদ, কার লেখা? 'ভাদর' শব্দের অর্থ কী?
- ঢ) 'জীবে দয়া তব পরম ধর্ম, জীবে দয়া তব কই'— উদ্ধৃতিটি কোন্ অলংকারের দৃষ্টান্ত?
- ণ) 'আমার শপতি লাগে' পদটিতে কাকে, কে শপথ করাচ্ছেন?
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:  $৫ \times ৪ = ২০$
- ক) 'রাধার কি হৈল অন্তরে ব্যথা'— পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

- খ) টীকা লেখো (যে-কোনো একটি) :  
কাশীরাম দাস, 'চৈতন্যচরিতামৃত'।
- গ) উদাহরণসহ সংজ্ঞা লেখো (যে কোনো দুটি) :  
পর্ব, যতি, মাত্রা।
- ঘ) যে-কোনো দুটি অলঙ্কারের সংজ্ঞা ব্যাখ্যা ও উদাহরণ দাও :  
উৎপ্রেক্ষা, অনুপ্রাস, শ্লেষ।
- ঙ) 'নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে'— পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ  
করো।
- চ) কবি মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যের কয়েকটি বৈশিষ্ট্য  
উল্লেখ করো।
- ৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০
- ক) চর্যাপদাবলীতে সামাজিক জীবনের যে ছবি ফুটে উঠেছে তা  
বুঝিয়ে দাও।
- খ) ধর্মমঙ্গল কাব্যের কবি ঘনরাম চক্রবর্তীর কবি বৈশিষ্ট্য  
আলোচনা করো।
- গ) "কন্টকগাড়ী কমল-সম পদতল"—পদটির পর্যায় উল্লেখ করে  
কাব্যসৌন্দর্য বিচার করো।
- ঘ) 'স্বরবৃত্ত' ছন্দের সংজ্ঞা এবং বৈশিষ্ট্যসমূহ উদাহরণসহ  
আলোচনা করো।